# AKASHVANI (AIR)
# RNU : KOLKATA
## Bengali Text Bulletin

**Date: 02.08.2024** **Time: 7.35 A.M.**

---

বিশেষ বিশেষ খবরঃ-

১) রেশন দুর্নীতি মামলায় ইডি, দেগঙ্গার তৃণমূল কংগ্রেস নেতা আনিসুর রহমান ও তার দাদা আলিফ নূরকে দীর্ঘ জিজ্ঞাসাবাদের পর গ্রেপ্তার করেছে।

২) জীবন বিমা ও স্বাস্থ্য বিমার প্রিমিয়ামে জিএসটি প্রত্যাহার না করা হলে পথে নামার হুঁশিয়ারি দিয়েছেন তৃণমূল কংগ্রেস প্রধান, মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী।

৩) রাজ্য সরকারের সচিব স্তরে ফের রদবদল করা হয়েছে।

৪) সৃষ্ট ঘূর্ণাবর্ত এবং মৌসুমী অক্ষরেখার প্রভাবে কলকাতা সহ দক্ষিণবঙ্গের জেলাগুলিতে আজও বৃষ্টি চলবে। কেষ্টপুরে বাড়ির একাংশ ভেঙে মৃত্যু হয়েছে এক তরুণের।

৫) ইস্টবেঙ্গল ক্লাবের প্রতিষ্ঠা দিবসে সৌরভ গাঙ্গুলিকে ভারত গৌরব এবং মহম্মদ সামিকে বাংলার গৌরব সম্মানে ভূষিত করা হয়েছে।

---

রেশন দুর্নীতি মামলায় উত্তর ২৪ পরগণার দেগঙ্গার তৃণমূল কংগ্রেস নেতা আনিসুর রহমান ও তার দাদা আলিফ নূরকে প্রায় ১৪ ঘন্টা জেরা করার পর গতকাল গভীর রাতে গ্রেপ্তার করেছে ইডি। সল্টলেকের সিজিও কমপ্লেক্সে বেলা ১২ টা নাগাদ হাজির হন জেলবন্দী ব্যবসায়ী বাকিবুর রহমানের আত্মীয় আলিফ ও আনিসুর। প্রাক্তন খাদ্যমন্ত্রী

জ্যোতিপ্রিয় মল্লিকও রেশন দুর্নীতি মামলায় এখন জেল হেফাজতে। গত মঙ্গলবার জ্যোতিপ্রিয় ঘনিষ্ঠ আব্দুল বারিক বিশ্বাস এবং আনিসুর ও আলিফের বাড়ি, চালকল সহ ১০ টি জায়গায় দীর্ঘক্ষণ তল্লাশি চালিয়েছিল কেন্দ্রীয় তদন্তকারী সংস্থা। বাজেয়াপ্ত করা হয় প্রায় ৪৫ লক্ষ টাকা, বেশ কিছু নথিপত্র, মোবাইল ইত্যাদি। আব্দুল বারিকের নথিতে দুবাই সংযোগ মেলে। স্বাস্থ্য পরীক্ষার পর, ধৃত দুজনকে আজ আদালতে তোলা হবে।

এদিকে, জিজ্ঞসাবাদের জন্য আব্দুল বারিককে ইডি আজ সিজিও কমপ্লেক্সে তলব করেছে।

-----------------------------

তৃণমূল কংগ্রেস প্রধান, মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি, জীবনবিমা এবং স্বাস্থ্যবিমার প্রিমিয়ামে ১৮ শতাংশ জিএসটি প্রত্যাহারের দাবি জানিয়েছেন। জিএসটি প্রত্যাহার না করা হলে রাজপথে নামতে বাধ্য হবেন বলে এক্স হ্যান্ডেলে হুঁশিয়ারি দিয়েছেন তিনি।

কেন্দ্রীয় অর্থমন্ত্রী নির্মলা সীতারামনকে চিঠি লিখে সড়ক পরিবহণ মন্ত্রী নিতিন গডকড়ীও একই দাবি জানিয়েছিলেন। তৃণমূল সাংসদ দোলা সেন গতকাল রাজ্যসভায় সেই দাবিকে সমর্থন জানান।

-----------------------------

রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মুর সভাপতিত্বে আজ রাজ্যপালদের দুদিনের সম্মেলন শুরু হচ্ছে। রাষ্ট্রপতি ভবনে এই সম্মেলনে নতুন তিনটি ফৌজদারি আইন কার্যকর করার বিষয়টি আলোচনায় বিশেষ গুরুত্ব পাবে বলে মনে করা হচ্ছে।

এদিকে, পশ্চিমবঙ্গ সরকার গঠিত কমিটি এই তিনটি ফৌজদারি আইন পুঙ্খানুপুঙ্খ পর্যালোচনা করে রিপোর্ট দিলে পরবর্তী পদক্ষেপ করা হবে বলে রাজ্যের আইন মন্ত্রী

মলয় ঘটক জানিয়েছেন। নতুন তিন ফৌজদারি আইন সংশোধনের দাবিতে আনা সরকারি প্রস্তাবের ওপর বিধানসভায় দুদিনের আলোচনা শেষে জবাবি ভাষণে তিনি বলেন, এই আইন প্রনয়নের আগে সংশ্লিষ্ট সব মহলের সঙ্গে আলোচনা করা হয়েছে বলে কেন্দ্রীয় সরকার জানালেও আইনজীবীদের সংগঠনের কোনো মতামত নেওয়া হয়নি। ১৪৭ জন সাংসদকে সাসপেন্ড করে গায়ের জোরে এই আইন প্রণয়ন করেছে কেন্দ্রীয় সরকার। আইন কমিশনের কাছেও তা পাঠানো হয়নি। প্রয়োজনে বিধানসভার ঐ তিনটি আইন পরিমার্জন ও সংশোধনের ক্ষমতা রয়েছে বলে ও আইনমন্ত্রী জানান।

প্রস্তাবে তীব্র আপত্তি জানিয়ে বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারি বলেন, কেন্দ্রের বিরুদ্ধে গায়ের জোরে আইন পাশ করানোর অভিযোগ সত্যের অপলাপ ছাড়া আর কিছুই নয়। এই নিয়ে বিধানসভায় আলোচনা অযথা সময় নষ্ট। সরকার ও বিরোধী পক্ষের সদস্যরা বক্তব্য পেশের পর ধ্বনিভোটে প্রস্তবটি গৃহীত হয়।

-----------------------------

রাজ্য সরকারের সচিব স্তরে ফের রদবদল করা হলো। কর্মীবর্গ ও প্রশাসনিক সংস্কার দপ্তর থেকে বিজ্ঞপ্তি দিয়ে সচিব পর্যায়ের সাত জন আইএসএ-এর দায়িত্ব পরিবর্তনের কথা জানানো হয়েছে। খাদ্য প্রক্রিয়াকরণ ও উদ্যান পালন দপ্তরের অতিরিক্ত মুখ্যসচিব ছিলেন সুব্রত গুপ্ত। তাঁকে বিজ্ঞান ও প্রযুক্তি এবং জৈব প্রযুক্তি দপ্তরের দায়িত্ব দেওয়া হল। তাঁর জায়গায় খাদ্য প্রক্রিয়াকরণ ও উদ্যান পালন দপ্তরের প্রধান সচিব হলেন খলিল আহমেদ। তিনি পশ্চিমাঞ্চল উন্নয়ন দপ্তরের প্রধান সচিব ছিলেন। এই দপ্তরের নতুন সচিব হলেন রশ্মি কমল। ভূমি দপ্তরের সচিব ছিলেন রশ্মি।

বিজ্ঞান ও প্রযুক্তি দপ্তরের অতিরিক্ত মুখ্যসচিব হৃদেশ মোহনকে সর্বশিক্ষা ও গ্রন্থাগার দপ্তরের অতিরিক্ত মুখ্যসচিবের দায়িত্ব দেওয়া হয়েছে। কেএমডিএ–র নতুন সিইও হয়েছেন আবাসন এবং যুব ও ক্রীড়া দপ্তরের প্রধান সচিব রাজেশ কুমার সিনহা। দুটি দায়িত্বই পালন করবেন তিনি। সর্বশিক্ষা ও গ্রন্থাগার দপ্তরের বর্তমান সচিব স্মারকি মহাপাত্রকে করা হয়েছে বিজ্ঞান ও প্রযুক্তি এবং জৈব প্রযুক্তি দপ্তরের বিভাগীয় সচিব। নেতাজি সুভাষ প্রশিক্ষণ কেন্দ্রের ওএসডি গোডালা কিরণকুমারকে ক্রেতা সুরক্ষা দপ্তরের বিশেষ সচিব করা হয়েছে।

-----------------------------

গাঙ্গেয় পশ্চিমবঙ্গ ও সংলগ্ন দক্ষিণ বাংলাদেশের ওপর সৃষ্ট ঘূর্ণাবর্ত এবং মৌসুমী অক্ষরেখার প্রভাবে কলকাতা সহ দক্ষিণবঙ্গের বিভিন্ন জেলায় বৃষ্টি হচ্ছে। কলকাতায় আজ সকাল সাড়ে ৬ টা পর্যন্ত বৃষ্টি হয়েছে ৪৭ মিলিমিটারের বেশি। আজও বৃষ্টি চলবে। দফায় দফায় বৃষ্টি ও মেঘলা আবহাওয়ার দরুণ গতকাল সর্বোচ্চ তাপমাত্রা স্বাভাবিকের ৪ ডিগ্রি নীচে নেমে যায়।

ঘূর্ণাবর্তের জেরে সমুদ্র উত্তাল থাকার সম্ভাবনা। মৎস্যজীবীদের আগামী ২৪ ঘন্টা সাগরে না যাওয়ার পরামর্শ দেওয়া হয়েছে।

একটানা ভারি বৃষ্টিতে দক্ষিণ ২৪ পরগণার অনেক জায়গা জলমগ্ন। গঙ্গাসাগরে কপিলমুনির আশ্রমের চারপাশে জল থৈ থৈ করছে। জলোচ্ছ্বাসের ধাক্কায় সাগরতটে চলছে ভাঙন। রাত থেকে বৃষ্টি কিছুটা কমলেও আকাশ কালো মেঘা ঢাকা। বইছে ঝোড়ো বাতাস। আবহাওয়া দপ্তরের সতর্কবার্তা পেয়ে অধিকাংশ মাছ ধরার ট্রলার ঘাটে

ফিরে এসেছে। খারাপ আবহাওয়ার জন্য সমুদ্রেও শতাধিক ট্রলার আটকে পড়েছে বলে আমাদের জেলা সংবাদদাতা জানিয়েছেন।

প্রবল বৃষ্টিতে বাঁকুড়ার কোতুলপুরের বিস্তীর্ণ এলাকা জলমগ্ন। এই জন্য বেহাল নিকাশি ব্যবস্থাকেই দায়ি করেছেন স্থানীয় বাসিন্দারা।

অন্যদিকে নদীয়া জেলায় তুমুল বৃষ্টির দরুণ ১২ নম্বর জাতীয় সড়ক লাগোয়া সার্ভিস রোডে গতকাল বড়সড় ধস নামে। এর ফলে উদ্বেগে রয়েছে এলাকার মানুষ।

উত্তরবঙ্গে কালিম্পং-এ আঠাশমাইল, উনত্রিশমাইল ও বিরিকদারায় ধস নামার দরুণ ১০ নম্বর জাতীয় সড়ক বন্ধ করে দেওয়া হয়।

-----------------------------

কেরালায় ভয়াবহ ভূমিধসে বিপর্যস্ত ওয়েনাড়ে যাচ্ছেন তৃনমূল কংগ্রেসের প্রতিনিধি দল। দলের দুই সাংসদ সুস্মিতা দেব ও সাকেত গোখেল সেখানে যাবেন বলে দলের প্রধান মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি আজ নিজের এক্স হ্যান্ডেলে জানিয়েছেন।

-----------------------------

কলকাতার উত্তর শহরতলির বাগুইআটি থানা এলাকার কেষ্টপুরের নজরুল পার্কে একটি তিনতলা বাড়ির একাংশ ভেঙে এক তরুণের মৃত্যু হয়েছে। গতকাল রাত আড়াইটে নাগাদ বৃষ্টির মধ্যে আচমকাই পুরনো বাড়িটির ঐ অংশ ভেঙে পড়ে। ঘরের মধ্যে ছিল বছর ১৮-র ধ্রুবজ্যোতি মন্ডল। ধ্বংসস্তূপের নীচে চাপা পড়ে সে। দমকল কর্মী এবং পুলিশের বিপর্যয় মোকাবিলা দল তাকে উদ্ধার করে হাসপাতালে নিয়ে গেলে চিকিৎসক মৃত ঘোষণা করেন বলে আমাদের প্রতিনিধি শিপ্রা সেন সাহা জানিয়েছেন।

-----------------------------

বর্ধমান পুরসভার তিন নম্বর ওয়ার্ডের রসিকপুরে নতুন করে দুজন ডেঙ্গু আক্রান্তের খবর মিলেছে। এই নিয়ে রসিকপুরে ডেঙ্গি আক্রান্তের সংখা দাঁড়াল ২৩। রক্ত পরীক্ষায় মঙ্গলবার বারো জনের ও বুধবার ৯ জনের ডেঙ্গু ধরা পড়ে। এলাকায় শিবির করে রক্ত পরীক্ষা করা হচ্ছে। জেলার উপমুখ্য স্বাস্থ্য আধিকারিক ডা:সুবর্ণ গোস্বামী, জ্বর হলেই রক্ত পরীক্ষার পরামর্শ দিয়েছেন।

এদিকে কালনা হাসপাতালে ডেঙ্গু ও ম্যালেরিয়ায় আক্রান্ত রোগীর সংখ্যা বাড়ছে। ডেঙ্গুর ১৪ ও ম্যালেরিয়ার ৫ জন রোগী সেখানে চিকিৎসাধীন। এর মধ্যে ডেঙ্গু আক্রান্ত ১২ জন হুগলীর বলাগড়ের এবং দুজন কালনার বাসিন্দা। ম্যালেরিয়ায় আক্রান্তরা কালনা ১ নম্বর ব্লকের। তাঁরা সকলেই ইঁটভাটার শ্রমিক এবং ঝাড়খন্ডের বাসিন্দা বলে হাসপাতাল সূত্রে জানা  গিয়েছে।

-----------------------------

প্রেসিডেন্সি বিশ্ববিদ্যালয়ে আপাতত কোনো ফি বৃদ্ধি হচ্ছে না। ছাত্র সংগঠন এসএফআই সূত্রে খবর, প্রায় ১৪০ ঘণ্টা অবস্থান এবং বুধবার সন্ধ্যা থেকে গতকাল দুপুর পর্যন্ত প্রায় ২০ ঘণ্টা বিশ্ববিদ্যালয়ের ভারপ্রাপ্ত উপাচার্য, অধ্যাপক নির্মাল্য নারায়ন চক্রবর্তী ঘেরাও থাকার পর, পড়ুয়ারা ফি বৃদ্ধি না হওয়ার পক্ষে কর্তৃপক্ষের কাছ থেকে আশ্বাস আদায় করেছেন।

-----------------------------

পশ্চিমবঙ্গ মধ্য শিক্ষা পর্ষদ, ২০২৫ শিক্ষাবর্ষে দশম শ্রেণীর ছাত্রছাত্রীদের নেতাজি সুভাষচন্দ্র বসুর ' তরুণের স্বপ্ন ' পড়ানোর জন্য পর্ষদ অনুমোদিত সমস্ত বিদ্যালয়ের প্রধান শিক্ষক শিক্ষিকাদের নিদের্শ দিয়েছে। পর্ষদের শিক্ষা বিভাগের ডেপুটি সেক্রেটারি

ঋতব্রত চ্যাটার্জী গতকাল এই মর্মে নির্দেশিকা জারি করেন। এ নিয়ে শিক্ষক মহলে ব্যাপক প্রতিক্রিয়ার সৃষ্টি হয়েছে। পর্ষদের উদ্যোগকে সাধুবাদ জানিয়েছেন শিক্ষক সংগঠন অল পোস্ট গ্র্যাজুয়েট টিচার্স ওয়েলফেয়ার অ্যাসোসিয়েশনের সম্পাদক চন্দন গড়াই।

শিক্ষানুরাগী ঐক্য মঞ্চের সাধারণ সম্পাদক কিংকর অধিকারী বলেছেন, খুবই ভালো সিদ্ধান্ত। তবে মূল্যায়ন বহির্ভূত হওয়ায় এই পাঠের কোন গুরুত্ব রইল না।

-----------------------------

পশ্চিম মেদিনীপুরের চন্দ্রকোনায় ইস্পাত কারখানার জন্য সৌরভ গঙ্গোপাধ্যায়কে জমি দেওয়া নিয়ে কলকাতা হাইকোর্টে জনস্বার্থ মামলা দায়ের হয়েছে। প্রধান বিচারপতি টি এস শিবজ্ঞানম এবং বিচারপতি হিরণ্ময় ভট্টাচার্যের ডিভিশন বেঞ্চ আজ নির্দেশ দিয়েছে, চিটফান্ড সংক্রান্ত মামলার শুনানির জন্য বিশেষ বেঞ্চে এই মামলার শুনানি হবে। বর্তমানে বিচারপতি জয়মাল্য বাগচী এবং বিচারপতি গৌরাঙ্গ কান্তের বিশেষ বেঞ্চে চিটফান্ড সংক্রান্ত মামলার শুনানি হচ্ছে।

উল্লেখ্য, ফিল্মসিটি তৈরির জন্য রাজ্য সরকার প্রয়াগ গোষ্ঠীকে ৭৫০ একর জমি দিয়েছিল। কিন্তু চিটফান্ড কেলেঙ্কারিতে ওই সংস্থার নাম জড়ায়। পরে রাজ্য সরকার ঐ সম্পত্তি বাজেয়াপ্ত করে। এরই মধ্যে ওই জমিতেই কারখানা বানানোর জন্য সৌরভকে এক টাকার বিনিময়ে ৩৫০ একর জমি দেওয়ার সিদ্ধান্ত হয়েছে। আগের বিষয়টি নিষ্পত্তি না হওয়া সত্ত্বেও কেন প্রয়াগ গোষ্ঠীর বাজেয়াপ্ত হওয়া সম্পত্তি আবার অন্য কাউকে দেওয়া হচ্ছে, সেব্যাপারে প্রশ্ন তুলে হাইকোর্টে এই জনস্বার্থ মামলা দায়ের করেন এক ব্যক্তি।

-----------------------------

ভারতীয় ক্রিকেট দলের প্রাক্তন অধিনায়ক সৌরভ গাঙ্গুলিকে ভারত গৌরব সম্মাননা প্রদান করলো ইস্টবেঙ্গল ক্লাব। ক্লাবের ১০৫ তম প্রতিষ্ঠা দিবস উপলক্ষ্যে আয়োজিত অনুষ্ঠানে গতকাল ক্রিকেটার মহম্মদ শামিকে বাংলার গৌরব সম্মান প্রদান করা হয়। ক্রীড়ামন্ত্রী অরূপ বিশ্বাস, পুর ও নগর উন্নয়ন মন্ত্রী তথা কলকাতার মেয়র ফিরহাদ হাকিম তাঁদের হাতে স্মারক তুলে দেন। দুই প্রাক্তন ফুটবলার রঞ্জিত মুখার্জী ও প্রশান্ত ব্যানার্জীকে দেওয়া হয় জীবন কৃতি পুরস্কার। বর্ষসেরা উদীয়মান খেলোয়াড়ের পুরস্কার পেয়েছেন প্রভু সুকন সিং গিল এবং সেরা ফুটবলারের পুরস্কার পেয়েছেন নন্দকুমার সেকার। কোচ কার্লেস কুয়েদ্রাতকে সেরা কোচের পুরস্কার দেওয়া হয়।

অনুষ্ঠানে রাজ্যের মন্ত্রী স্নেহাসিষ চক্রবর্তী, সুজিত বসু, বিপ্লব মিত্র সহ বহু প্রাক্তন ও বর্তমান খেলোয়াড় উপস্থিত ছিলেন।

-----------------------------

১০০ দিনের কাজের মজুরী শ্রমিকরা পেলেও ঠিকাদারেরা বঞ্চিত। প্রকল্পের কাজের জন্য নির্মাণ সামগ্রী সরবরাহ করা হলেও সে বাবদ পাওনা টাকা এখনও বকেয়া বলে নর্থবেঙ্গল মনরেগা ভেন্ডার্স অ্যাসোসিয়েশন অভিযোগ করেছে। বকেয়া মেটানোর দাবিতে এবার পথে নেমেছে তারা। অ্যাসোসিয়েশনের তরফে গতকাল উত্তরকন্যা অভিযানের ডাক দেওয়া হয়। ফুলবাড়ি বাজার এলাকা থেকে মিছিল উত্তরকন্যার দিকে রওনা হতেই পুলিশ তাদের আটকে দেয়। পরে ১০ সদস্যের প্রতিনিধি দল উত্তরকন্যায় গিয়ে দাবি সনদ পেশ করে। অ্যাসোসিয়েশন জানিয়েছে, বকেয়া দ্রুত না মেটানো হলে আগামীতে নবান্ন অভিযান, কেন্দ্রের কাছে দরবার, প্রয়োজনে দিল্লীতে ধর্না দেওয়া হবে।

-----------------------------

দক্ষিণ কলকাতার আনন্দপুরে ইএমবাইপাশে  পানশালায় দুস্কৃতী তান্ডবের ঘটনায় মাদুরদহ থেকে আরও একজনকে গ্রেপ্তার করা হয়েছে। অজিত দাশ নামে ঐ ব্যক্তিকে আজ আদালতে তোলা হবে। এই নিয়ে ঐ ঘটনায় মোট ৫ জনকে গ্রেপ্তার করল পুলিশ।

---------------------------- ----------------------------